



## লালমাটিয়া মহিলা কলেজ

লালমাটিয়া, ঢাকা-১২০৭

(আবাসিক/অনাবাসিক)

ফোন : ৯১৩৬৯৩২, ৯১৪২৮১৭, মোবাইল : ০১৫৫৯-০৮২১৫০

কলেজ কোড : ৬৪৪৭, ওয়েবসাইট : [www.lalmatiyamohilacollege.edu.bd](http://www.lalmatiyamohilacollege.edu.bd)

**জাতীয় পর্যায়ে সেরা মহিলা কলেজ ও প্রাক-মডেল কলেজ হিসেবে স্বীকৃত  
ঐতিহ্যবাহী লালমাটিয়া মহিলা কলেজে ২০১৮-২০১৯ শিক্ষাবর্ষে মাস্টার্স  
নিয়মিত প্রোগ্রামে ভর্তি বিজ্ঞপ্তি**

**বিষয়সমূহ** : বাংলা, ইংরেজি, গ্রন্থাগার ও তথ্যবিজ্ঞান, সমাজবিজ্ঞান, সমাজকর্ম, রাষ্ট্রবিজ্ঞান, অর্থনীতি, হিসাববিজ্ঞান, ব্যবস্থাপনা, মার্কেটিং, ফিন্যান্স এ- ব্যাংকিং, পদার্থবিজ্ঞান, রসায়ন, উদ্ভিদবিজ্ঞান, প্রাণিবিজ্ঞান, গণিত, ভূগোল ও পরিবেশ।

শিক্ষার্থীকে ১১/১১/২০১৯ থেকে ২১/১১/২০১৯ খ্রি: তারিখের মধ্যে জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট ([www.nu.ac.bd/admissions](http://www.nu.ac.bd/admissions)) এর Masters Tab এ Apply Now (Masters Reg.) অপশনে ক্লিক করে ওয়েবসাইটে প্রদর্শিত আবেদন ফরমের তথ্য ছক যথাযথভাবে পূরণ করে প্রিন্ট কপি ২৩/১১/২০১৯ খ্রি: তারিখের মধ্যে ৩০০/- টাকা ফিসসহ কলেজে জমা দিতে হবে। কলেজ অভ্যন্তরে ছুটির দিন ব্যতীত প্রতিদিন সকাল ৮.৩০ থেকে ৪-টা পর্যন্ত অনলাইনে ফ্রি আবেদন করার বুথ খোলা থাকবে। বিস্তারিত তথ্য জাতীয় বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট, কলেজের ওয়েবসাইট এবং অফিস থেকে জানা যাবে।

**বৈশিষ্ট্যসমূহ** : নিজস্ব সফটওয়্যারের মাধ্যমে সমস্ত কার্যক্রম অটোমেশনের আওতায় পরিচালিত হয়। অনার্স ও মাস্টার্স পরীক্ষায় প্রতি বছরই শতাংশ পাসসহ প্রায় ৮০ শতাংশ শিক্ষার্থীদের ন্যূনতম সিজিপিএ ৩.০০ (প্রথম শ্রেণি) কিংবা তার অধিক সিজিপিএ নিয়ে উত্তীর্ণের ধারাবাহিকতা এ কলেজের একটি বিশেষ বৈশিষ্ট্য। সারা দেশ থেকে ২০১৯ সালে অনার্স পর্যায়ে ২০,০০০/- টাকা করে জাতীয় বিশ্ববিদ্যালয় কর্তৃক মেধা বৃত্তিপ্রাপ্ত ৮২ জন শিক্ষার্থীর মধ্যে ৩২ জনই লালমাটিয়া মহিলা কলেজের শিক্ষার্থী।

**সুবিধাসমূহ** : ইংরেজি ও আইসিটি বিষয়ে শিক্ষার্থীদের ফ্রি প্রশিক্ষণ প্রদান করাসহ বার্ষিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতায় বিভিন্ন ইচ্ছেতে অংশগ্রহণকারী শিক্ষার্থীদের মধ্যে ১ম, ২য় ও ৩য় স্থান অধিকারী শিক্ষার্থীদের মেধাবী হিসেবে চিহ্নিত করে টিউশন ফি এর ক্ষেত্রে বিশেষ ওয়েভার প্রদান করা হয়। এ ছাড়াও কলেজ ক্যাম্পাসে নিরাপদ ও স্বল্প ব্যয়ে আবাসিক সুবিধা, আধুনিক গবেষণাগার, শীতাতপ নিয়ন্ত্রিত আইসিটি ল্যাব, স্বাস্থ্যসম্মত ক্যান্টিন, জিমনেসিয়াম, অত্যাধুনিক অডিটোরিয়াম, প্রশস্ত খেলার মাঠ, দেশী-বিদেশী বইসমৃদ্ধ আধুনিক লাইব্রেরির সুবিধা রয়েছে।

**২০১৯-২০২০ শিক্ষাবর্ষে স্নাতক (পাস) কোর্সে ভর্তি বিজ্ঞপ্তি**

অনলাইনে প্রাথমিক আবেদন ফরম পূরণ ও প্রিন্ট কপি সংগ্রহের তারিখ: ১৪/১১/২০১৯ থেকে ২৮/১১/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত।

২৫০/- টাকাসহ আবেদন কলেজে জমা দেয়ার শেষ তারিখ: ৩০/১১/২০১৯ খ্রি: তারিখ পর্যন্ত।